ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৮৮

তেলিয়ামুড়া, ১১ জুলাই ২০২৫

**তেলিয়ামুড়ায় কবি সুকান্তের আবক্ষ মূর্তি স্থাপিত**

আজ তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে সুকান্ত কলোনী এলাকায় কবি সুকান্ত ভট্টাচার্যের আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করা হয়। এই আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, অন্যান্য কাউন্সিলারগণ, তেলিয়ামুড়া পুর পরিষদের উপ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী, পরিদর্শক বিশ্বজিৎ দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সিনিয়র ইনফরমেশন অফিসার মিঠন দত্ত সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। অনুষ্ঠান শেষে সংবাদমাধ্যমের সাথে আলোচনায় অংশ নিয়ে ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় বলেন, কবি সুকান্ত ভট্টাচার্য ছিলেন একাধারে একজন প্রগতিশীল কবি এবং সমাজ সচেতনতার প্রতীক। তাঁর স্মৃতিকে স্মরণীয় করে রাখার উদ্দেশ্যেই সুকান্ত কলোনী এলাকায় এই আবক্ষ মূর্তি স্থাপন করা হয়েছে। পুর পরিষদের পক্ষ থেকে জানানো হয়েছে ভবিষ্যতেও এ ধরণের উদ্যোগ অব্যাহত থাকবে।

******